গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চিওড়া সরকারি কলেজ

চিওড়া, চৌদ্দগ্রাম, কুমিল্লা।

Website: www.chgcc.edu.bd E-mail: cheoracollege@yahoo.com

Facebook: www.facebook.com/govt.cheora EIIN: 105512, NU: 3704 Mobile: 01873-411217

স্মারক নং-চিঃসঃকঃ/২০২৬/ ৪৭ তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.

পুরাতন পরিত্যক্ত ভবন নিলাম বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা- এর উত্তর-পশ্চিম পার্শ্বে অবস্থিত (৪৫ ফুট ×২৫ ফুট) আকারের পুরাতন জরাজীর্ণ দ্বিতল ভবনটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিত্যক্ত ঘোষিত হয়েছে বিধায় তা অপসারণের জন্য ভবনটি যে অবস্থায় আছে সে অবস্থায় সরকারি নিয়ম অনুরসণ করে নিলামে বিক্রি করা হবে। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছ থেকে নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

- ০৪/১০/২০২৬ খ্রি. তারিখ রবিবার থেকে ১২/১০/২০২৬ খ্রি. তারিখ সোমবার পর্যন্ত প্রতি কর্মদিবসে সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত পুরাতন জরাজীর্ণ ভবনটি সরেজমিনে পরিদর্শন করে অধ্যক্ষের কার্যালয় হতে অফেরতযোগ্য ১৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) মূল্যের সিডিউল ক্রয় করতে হবে।
- সঠিকভাবে সিডিউল পূরণ করে সদ্যতোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবিসহ জাতীয় পরিচয় পত্র, ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত কপি এবং নিলামমূল্যের ২৫% পরিমাণ টাকার ডিডি/পে অর্ডার অধ্যক্ষ, চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা-এর অনুকূলে সংযুক্ত করে স্বাক্ষর প্রদানপূর্বক সীলমোহরকৃত খামে ১৩/১০/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার দুপুর ০১:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিন দুপুর ২:০০ টায় দরপত্র খোলা হবে। দরপত্র খোলার সময় দরদাতা নিজে বা একজন বৈধ প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন।
- প্রাপ্ত দরদাতার সংখ্যা এবং কাঙ্খিত মূল্য সরকারি বিধি মোতাবেক না পাওয়া গেলে ২য় নিলাম বিজ্ঞপ্তি এবং ২য় বারে না পাওয়া গেলে ৩য় নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিলাম বিজ্ঞপ্তিটি পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।
- দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্রের সাথে সংযুক্ত থাকবে।

২৪/০৯/২৬

প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান (৩৯২৪)
অধ্যক্ষ
চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা
ও
সদস্য সচিব, কনডেমনেশন কমিটি

স্মারক নং-চিঃসঃকঃ/২০২৬/ তারিখ: ২৪/০৯/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, কুমিল্লা।
২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা।
৩। উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৪। মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৫। নোটিশ বোর্ড ও ওয়েবসাইট।
৬। অফিস নথি।

২৪/০৯/২৬

প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান (৩৯২৪)
অধ্যক্ষ
চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা
ও
সদস্য সচিব, কনডেমনেশন কমিটি

কুমিল্লা জেলার কনডেমনেশন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মুঃ রেজা হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা
সভার স্থান ঃ জেলা প্রশাসক কার্যালয়ের সভাকক্ষ, কুমিল্লা
সভার তারিখ ও সময় ঃ ১৯/০৪/২০২৬ খ্রি. সকাল ১১:০০ টা
উপস্থিত সদস্যদের নাম ও পদবী ঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভা পরিচালনার জন্য অধ্যক্ষ, চিওড়া সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লাকে অনুরোধ জানান। অধ্যক্ষ, চিওড়া সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লা সভাকে জানান, কলেজের অভ্যন্তরীণ উত্তর পশ্চিম পার্শ্বে অবস্থিত ৪৫ ফুট ×২৫ ফুট একটি দ্বিতল জরাজীর্ণ ভবন অপসারণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, এ ভবনটি অধিক পুরোনো এবং জরাজীর্ণ বিধায় ঝুঁকিপূর্ণ। ভবনের ছাদের একটি অংশ ভেঙে পড়েছে, এবং প্রায়ই কিছু না কিছু অংশ ভেঙে পড়ছে। ফলে এ ঝুঁকিপূর্ণ ভবনটি অপসারণ করা প্রয়োজন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা কর্তৃক প্রাক্কলন অনুযায়ী নিলামে বিক্রয়ের জন্য মূল্য নির্ধারণের লক্ষ্যে এতদসঙ্গে রিপোর্ট দাখিল করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২। চিওড়া সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লার অভ্যন্তরে অবস্থিত জরাজীর্ণ ভবনটির শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা কর্তৃক প্রদত্ত প্রাক্কলন নিম্নরূপ-

Reasonable Price	: 1,50,149.00/- (One Lac fifty thousand one hundred forty nine taka only)
Salvaged/Dismantling cost	: 1,35,149.00/- (One Lac thirty five thousand one hundred forty nine taka only)
Fair/exact face value	: 15,000.00/- (Fifteen thousand taka only)

এ বিষয়ে উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

ক) বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত প্রাক্কলন স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক সুপারিশ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) স্থানীয় কনডেমনেশন কমিটির সুপারিশের ভিত্তিতে ঝুকিপূর্ণ ভবন অপসারণের প্রস্তাব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা বরাবর সুপারিশসহ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মু: রেজা হাসান ১৯/৪/২৬
জেলা প্রশাসক, কুমিল্লা
ও
সভাপতি
জেলা কনডেমনেশন কমিটি

স্মারক নম্বর: চিসক/কনডেমনেশন/২০২৬-৩৬৫ তারিখ: ১৯/০৪/২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
২। উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
৪। সংরক্ষণ নথি।

১৯/৪/২৬
প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান (৬৯২৪)
অধ্যক্ষ
চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা
মোবাইল: ০১৭১৬-১৭৫৫৯৬

প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান (৬৯২৪)
অধ্যক্ষ
চিওড়া সরকারি কলেজ, কুমিল্লা।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৪.২০২৫- ৮৭৮ তারিখ: ২২/০৭/২০২৬ খ্রি.

বিষয়: চিওড়া সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লা-এর ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয় সংক্রান্ত স্থানীয় কনডেমনেশন কমিটির প্রস্তাব অনুমোদন।

সূত্র: কলেজ স্মারক নং ২০২৬/৩৭৫, তারিখ: ০৯.০৬.২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে বর্ণিত কলেজের ঝুঁকিপূর্ণ ভবন/স্থাপনা স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নিলাম প্রাক্কলিত মূল্য নির্ধারণপূর্বক অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয় সংক্রান্ত প্রস্তাব নিম্নোক্ত শর্তে অনুমোদন করা হলো।

ক্র.	কলেজের নাম	নিলামযোগ্য ভবন/স্থাপনার নাম	নিলাম প্রাক্কলিত মূল্য	মন্তব্য/শর্তসমূহ
০১	চিওড়া সরকারি কলেজ, চৌদ্দগ্রাম, কুমিল্লা।	০১টি পুরাতন টিনশেড ভবন	১৫,১৪৯-	নিলামে বিক্রয়ের ক্ষেত্রে সর্বশেষ অনুমোদিত বিধিবিধানসহ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২, তারিখ: ০৮/১২/২০১৪-এ জারিকৃত পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

22.07.26

(মো: ইকরামুল কবির)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

বরাবর:
অধ্যক্ষ
চিওড়া সরকারি কলেজ
চৌদ্দগ্রাম, কুমিল্লা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ------------- অঞ্চল, -------------
০৩। জেলা প্রশাসক, ------------------------------
০৪। উপজেলা নির্বাহী অফিসার, --------------------
০৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, -------------------------
০৬। জোনাল/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -------------------------
০৭। জনাব --
০৮। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
০৯। সংরক্ষণ নথি।

CamScanner